

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ২১, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড  
[ মূল্য সংযোজন কর ]

আদেশ

তারিখ : ২৮ বৈশাখ ১৪২১ বঙ্গাব্দ/১১ মে ২০১৪ খ্রিস্টাব্দ

নং ১৮/মূসক/২০১৪—যেহেতু বাংলাদেশ থ্যালাসিমিয়া ফাউন্ডেশন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীনে নিবন্ধিত একটি অলাভজনক এবং সেবাস্বার্থী প্রতিষ্ঠান এবং আলোচ্য প্রতিষ্ঠানটি থ্যালাসিমিয়া রোগীদের জন্য স্বল্পমূল্যে চিকিৎসা, ঔষধ সরবরাহ করে থাকে এবং এই কার্যক্রম পরিচালনার জন্য বিভিন্ন ব্যক্তি বা সংস্থার অনুদানের উপর নির্ভর করে থাকে;

যেহেতু থ্যালাসিমিয়া একটি মারাত্মক বংশগত রক্তস্বল্পতাজনিত রোগ এবং এ রোগের চিকিৎসা ব্যয়ও অনেক বেশি এবং বিষয়টি স্পর্শকাতর ও মানবিক;

সেহেতু জাতীয় রাজস্ব বোর্ড, জনস্বার্থের গুরুত্ব বিবেচনায় মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ১৪(২) এর ক্ষমতাবলে, আলোচ্য প্রতিষ্ঠানটির “স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারী” সেবার বিপরীতে প্রযোজ্য মূসক এবং উক্ত প্রতিষ্ঠানের জুলাই/২০০৯ হতে জুন/২০১৩ পর্যন্ত সময়ে বাড়ীভাড়ার উপর প্রযোজ্য ৮ ২,২৬,৩৫০/- (দুই লক্ষ ছাব্বিশ হাজার তিনশত পঞ্চাশ) টাকা মূল্য সংযোজন কর হতে অব্যাহতি প্রদান করল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ শওকাত হোসেন

প্রথম সচিব (মূসক-অব্যাহতি)।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd.

(১৩৫৫৩)

মূল্য : টাকা ৪.০০